

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৫ মে, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ১৫/০৫/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব এ এইচ এম আসিফ বিন ইকরাম এর নেতৃত্বে 'কামরুল হোটেল, আল- আরাফা হোটেল, চুইঝাল হোটেল ও গোল পাতার রসুই' জিরো পয়েন্ট, বটিয়াঘাটা, খুলনা মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে কামরুল হোটেলের রান্নাঘর অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিচালনা করতে দেখা যায়। প্রচুর পরিমাণে মাছির উপস্থিতি লক্ষ্য করা যায়, রান্নাঘরের খাবার মজুক করার স্থানে ঘুমানোর খাট রাখা দেখা যায়, এখাড়াও হালনাগাদকৃত ফায়ার লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স ও খাদ্যকর্মীদের স্বাস্থ্য সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে 'কামরুল হোটেল' কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অন্য হোটেলগুলোর পরিবেশ মোটামুটি সন্তোষজনক ছিল।

অভিযানকালে জনাব মো: মোখলেছুর রহমান, নিরাপদ খাদ্য অফিসার, খুলনা জেলা কার্যালয়; জনাব মো: আশরাফুল আলম, নিরাপদ খাদ্য অফিসার, খুলনা মেট্রোপলিটন কার্যালয়; জনাব রামপদ সাহা, নিরাপদ খাদ্য পরিদর্শক, বটিয়াঘাটা উপজেলা ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং খুলনা জেলা পুলিশের সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।


১৫/০৫/২০২৪

(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।